**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

**বিজ্ঞপ্তি নং- ১৬২/২০১৮**

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
৯ অক্টোবর, ২০১৮ খ্রীষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভূক্ত সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, কর্মসংস্থান ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ও বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন **'উর্ধ্বতন কর্মকর্তা(সাধারণ)'** এর (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রামে যে নামেই উল্লেখ থাকুক) যথাক্রমে ২৬০, ৪০০, ৩৯৭, ১২, ১০৭, ৩৬, ৫ ও ১২টি সহ মোট ১২২৯(**এক হাজার দুইশত উনত্রিশ**)টি শূন্য পদে(কম/বেশি হতে পারে) নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | বেতন স্কেল | ঃ | জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০... ... -৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। |
| ২। | শিক্ষাগত যোগ্যতা | ঃ | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) ডিগ্রী।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই) টিতে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>(গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না ।<br>(ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ<br>(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে- |

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

৩। বয়স (০১/১০/২০১৮ তারিখে)ঃ (ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
(খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৪। আগ্রহী প্রার্থীদেরকে **৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত** শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.erecruitment.bb.org.bd)-এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

৬। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

৭। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৮। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রাদি জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৯। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৮নং ক্রমিকে উল্লেখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১১। প্রার্থীদের ১০০ নম্বরের MCQ, ২০০ নম্বরের লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। Online আবেদনে প্রার্থীগণ-কে ব্যাংকের পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে তাদের Online আবেদনে উল্লেখিত পছন্দের ক্রম অনুসারে সংশ্লিষ্ট ব্যাংকে পদায়ন করা হবে।

১৪। সংশ্লিষ্ট ব্যাংক সমূহ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**স্বাক্ষরিত/-**
**(মোঃ মোশাররফ হোসেন খান)**
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি